

জাতিসংঘ দিবস উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিবের বাণী

২৪ অক্টোবর ২০০৪

আজ জাতিসংঘ দিবস। ঊনষাট বছর পূর্বে এই দিনে জাতিসংঘ শান্তি, মানবাধিকার এবং উন্নয়নের হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিল। জাতিসংঘের কারণে বিশ্ব আজ একটি উন্নত স্থান। কিন্তু বহু মানুষ আজও সহিংসতা, নিপীড়ন, দারিদ্র্য ক্ষুধা, অশিক্ষা এবং রোগব্যাপির শিকার।

আমরা এর চেয়ে ভাল করতে পারি এবং অবশ্যই তা আমাদের করতে হবে। ক্ষুধা ও ভয় মুক্ত জীবনের অধিকার সকল মানুষের রয়েছে। আজকের চেয়ে কালকের দিন ভাল হবে, এ আশা অবশ্যই তাদের রাখতে হবে। মানবজাতির জন্য তা প্রয়োজন। আমাদের সকলের নিরাপত্তা তা দাবি করে।

প্রত্যেক জাতির প্রয়োজন প্রকৃত জনসেবক সরকার এবং আমাদের সকলের প্রয়োজন আজকের বিশ্বকে প্রতিনিধিত্বকারী এবং ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম কার্যকর জাতিসংঘ।

আমি বিশ্বাস করি আমরা আরো উন্নত জাতিসংঘ প্রতিষ্ঠায় সক্ষম। এই উদ্দেশ্যে শীঘ্র আমি বিশ্ব নেতৃবৃন্দের সম্মুখে প্রতিষ্ঠানটিকে সাজানোর প্রক্রিয়াসমূহ উপস্থাপন করব। এটি নির্ভর করছে আপনাদের নেতৃবৃন্দের সদিচ্ছা এবং দূরদৃষ্টির সাথে প্রতিক্রিয়া দেখানোর উপর। আগামী বছর এই সময়ের ঐতিহাসিক বৈঠকে তারা অবশ্যই একটি সাধারণ ভিত্তি খুঁজে পাবে।

আমাদের বিশ্ব যে জাতিসংঘ কামনা করে তা প্রদানে আপনাদের নেতাদের উৎসাহিত করতে আমি আপনাদের প্রতি আহ্বান জানাচ্ছি। আমি জানি আপনাদের সহায়তায় তা আমরা অর্জন করতে পারব।

আমরা এক নতুন যুগে বসবাস করছি। আমাদের প্রয়োজন এক নতুন জাতিসংঘ। চলুন আমরা তা বাস্তবায়ন করি।

* * * *